ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন শিশুর অন্ধত্ব দূরীকরণে আশার প্রদীপ

শিশুর সুরক্ষা ও সুস্বাস্থ্য নিশ্চিত করতে সরকারের বহুমূখী পরিকল্পনার একটি নজির ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন। একটা সময় ছিল যখন শিশুরা সন্ধ্যায় চোখে দেখতে পেত না। বিষয়টাকে মা-বাবা গুরুত্ব দিত না বা খেয়াল করত না। একপর্যায়ে জানতে পারলো তার শিশুকে সময়মতো চিকিৎসা করালে অন্ধত্বে ভুগতে হতো না।

বাংলাদেশের লক্ষ লক্ষ শিশুর অনাকাঙ্খিত পরিণতি এড়ানোর কথা মাথায় রেখে সরকার শিশুদের জন্য ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন নামে বিশেষ কর্মসূচি হাতে নিয়েছে। ভিটামিন ‘এ’ এর অভাবে শিশুদের রাতকানা রোগ হয়। এই ভিটামিনের অভাবজনিত রোগের প্রথম উপসর্গ হলো রাতকানা। এ ধরনের রোগীরা মৃদু আলোতে কম দেখে, সময়মত চিকিৎসা না হলে অন্ধ হয়ে যায়। এসব ছাড়াও ভিটামিন ‘এ’ এর অভাবে শিশুদের শ্বাসতন্ত্রের সংক্রমণ, হাম, ডায়রিয়াসহ নানা কারণে মৃত্যুহার বেশি হয়ে থাকে। তাই ভিটামিন ‘এ’ এর অভাবজনিত সমস্যা প্রতিরোধে সরকারিভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে বছরে দু’বার জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন হয়ে থাকে। এতে ৬ থেকে ১১ মাস বয়সি সবশিশুকে একটি নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল এবং ১২ থেকে ৫৯ মাস বয়সি সব শিশুকে একটি করে লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হয়। নীল রঙের ক্যাপসুলের মাত্রা ১ লক্ষ আইইউ (ইন্টারন্যাশনাল ইউনিট) এবং লাল রঙের মাত্রা ২ লক্ষ আইইউ।

(৪-১৭) অক্টোবর “জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন”। টীকাদান ক্যাম্পেইনের মাধ্যমে দেশের ৬ মাস থেকে ১ বছরের কম বয়সি প্রায় ২৭ লক্ষ শিশুকে নীল রঙের ১টি করে ভিটামিন ‘এ’ ক্যাপসুল এবং ১ বছর থেকে ৫ বছর বয়সি প্রায় ১ কোটি ৯৩ লক্ষ শিশুকে লাল রঙের ১টি করে ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে। শিশু ভিটামিন ‘এ’ ক্যাপসুল পাবে। সরকারের লক্ষ্য হলো ৬ থেকে ৫৯ মাস বয়সি শিশুদের মাঝে ভিটামিন ‘এ’ এর অভাবজনিত রাতকানা রোগের প্রাদুর্ভাব এক শতাংশর নিচে নামিয়ে আনা। এছাড়া এসব শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অপুষ্টিজনিত মৃত্যু প্রতিরোধ করা। ‘এ’ প্লাস

ক্যাম্পেইন এর অর্থ হলো শিশুদের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো ছাড়াও এই দিনে মায়েদের মাঝে স্বাস্থ্য বার্তাসমূহ প্রচার করা। যেহেতু ৬ মাস থেকে ৫ বছর পর্যন্ত শিশুদেরকে যথেষ্ট পরিমাণে ভিটামিন ‘এ’ জাতীয় খাবার খাওয়ানো সবক্ষেত্রে নিশ্চিতকরা সম্ভব হয় না, তাই সম্পূরক ভিটামিন হিসেবে এই ক্যাপসুল খাওয়ানো হয়ে থাকে। মায়েদের জানা দরকার ভিটামিন ‘এ’ শরীরের জন্য খুব গুরুত্বপূর্ণ হলেও তা প্রয়োজন হয় অল্প পরিমাণে। এটা শুধু শিশুদের নয় বড়োদেরও প্রয়োজন। প্রায় ১ লাখ ২০ হাজার স্থায়ী ইপি আই টিকাদান কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক এবং অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রের মাধ্যমে পর্যায়ক্রমে ভিটামিন- ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে। স্বাস্থ্যকর্মী প্রায় ২ লাখ ৪০ হাজার এবং স্বাস্থ্যসেবীর সংখ্যা প্রায় ৪০ হাজার।

ভিটামিন ‘এ’ মানবদেহের জন্য অবশ্য প্রয়োজনীয় একটি পুষ্টি উপাদান। প্রাণিজ উৎস হিসেবে কলিজা, ডিমের কুসুম, মাখন, পনির, দুধ, মাছ, মাংস ইত্যাদিতে ভিটামিন ‘এ’ রয়েছে। প্রাকৃতিকভাবে মাছের তেলে সবচেয়ে বেশি ভিটামিন ‘এ’ পাওয়া যায়। উদ্ভিজ্জ উৎসের মধ্যে সতেজ পাতাবহুল সবজি যেমন- পালং ও মেথিশাক, বাঁধাকপি এবং রঙিন সবজি যেমন গাজর, মিষ্টি কুমড়া ইত্যাদি। এ ছাড়া বিভিন্ন ফল যেমন আম, পেঁপে থেকেও আমরা ভিটামিন ‘এ’ পেয়ে থাকি।

সরকার বাস স্ট্যান্ড রেলস্টেশন, লঞ্চঘাট, বিমানবন্দরে, ফেরি ঘাট, ব্রিজ টোল প্লাজা এবং খেয়া ঘাটগুলোতে ভ্রাম্যমান স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করেছেন। কর্মসূচির আওতায় ১২টি জেলার ৪২টি উপজেলায় ২৪০ ইউনিয়নের প্রত্যন্ত অঞ্চলের শিশুদের খুঁজে ক্যাম্পেইনের পরের চার দিন বিশেষ কর্মসূচির মাধ্যমে ক্যাপসুল খাওয়ানো হবে। এছাড়াও ক্যাম্পেইনটি সফল করতে মোট ২ লাখ ৮০ হাজার স্বেচ্ছাসেবককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ক্যাম্পেইন পর্যবেক্ষণের জন্য প্রতিটি উপজেলা, জেলা এবং সমস্ত কেন্দ্রে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে বলে সরকার আশা ব্যক্ত করেছেন।

ভিটামিন ‘এ’ এর প্রধান কাজ দেহবৃদ্ধি এবং দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানো। চোখের দৃষ্টিশক্তি স্বাভাবিক রাখতে ভিটামিন ‘এ’ কাজ করে। ভিটামিন ‘এ’ শিশুদের ম্যালেরিয়া, হাম এবং ডায়রিয়াজনিত জটিলতা কমিয়ে আনে। ডায়রিয়া হলে শিশুর দুর্বলতাসহ শরীরে পুষ্টি উপাদানের ঘাটতি দেখা দেয়। কিন্তু ভিটামিন ‘এ’ ডায়রিয়ার ব্যাপ্তিকাল ও শিশু মৃত্যুর ঝুঁকি কমায়। দৃষ্টিশক্তি বাড়াতে এবং চোখের ছানি প্রতিরোধে ভিটামিন ‘এ’ এর ভূমিকা রয়েছে। সূর্যের

অতিবেগুনি রশ্মি থেকে ভিটামিন ‘এ’ দেহের ত্বককে রক্ষা করে। ভিটামিন ‘এ’ ব্রণ, একজিমা, ফোঁড়া এবং ক্ষত সারাতে কাজ করে।

ভিটামিন ‘এ’ এর অভাব পূরণে শিশুদের নিয়মিত ভিটামিন ‘এ’ সমৃদ্ধ মাছ-মাংস, ফল, শাক-সবজি খাওয়ানো দরকার। শাক-সবজি অবশ্যই ভালো করে ধুয়ে তেল দিয়ে রান্না করতে হবে। শুধু পানি দিয়ে সিদ্ধ করলে ভিটামিন ‘এ’ পাওয়া যাবে না। পরিবারের রান্নায় ভিটামিন ‘এ’ সমৃদ্ধ ভোজ্য তেল ব্যবহার করতে হবে। মা ও শিশুর পুষ্টির জন্য গর্ভবতী ও প্রসূতি মায়েদের।

- ২-

স্বাভাবিকের চেয়ে বেশি পরিমাণে ভিটামিন ‘এ’ সমৃদ্ধ রঙিন শাক-সবজি এবং হলুদ ফলমূল খাওয়া উচিত। শিশুর বয়স ৬ মাস পূর্ণ হলে মায়ের দুধের পাশাপাশি পরিমাণমতো ঘরে তৈরি সুষম খাবার খাওয়াতে হয়। বিভিন্ন ধরনের ভিটামিন ও পুষ্টি উপাদানের অভাবে শিশুরা মারাত্মক অপুষ্টিতে ভুগে থাকে। অপুষ্টিতে আক্রান্ত শিশুর বৃদ্ধি ধীর গতিতে হয়ে থাকে ও প্রায়ই নানা ধরনের রোগে আক্রান্ত হয়। কিন্তু সরকারের লক্ষ্য হলো আগামী প্রজন্মকে সুস্থ-সবল ও নিরোগ দেহের অধিকারী হিসেবে গড়ে তোলা। আর এ কারণেই ক্যাম্পেইনে পুষ্টি-বার্তা প্রচারের মাধ্যমে জনগণকে সচেতন করার প্রয়াস। প্রতি ৬ মাস অন্তর সরকারের এ কর্মসূচির মাধ্যমে বিপুল সংখ্যক শিশুকে ভিটামিন ‘এ’ এর অভাবজনিত রাতকানা রোগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি থেকে রক্ষা করা গেলেও এটি অব্যাহত রাখতে প্রতিদিনের খাদ্য তালিকায় সব ধরনের ভিটামিনযুক্ত খাবার থাকতে হবে।

(৪-১৭) অক্টোবর সকল কেন্দ্র সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত খোলা থাকবে। যদি কোনো শিশু গত চার মাসের মধ্যে ভিটামিন ‘এ’ ক্যাপসুল খেয়ে থাকে তবে তাকে ক্যাম্পেইনে এ ক্যাপসুল খাওয়ানো যাবে না। ভিটামিন ‘এ’ ক্যাপসুল ভরাপেটে খাওয়ানো ভালো। এটি খাওয়ানো হলে পার্শ্বপ্রতিক্রিয়ার ঝুঁকি নেই। তবে অনেক ক্ষেত্রে শিশুদের বমি, পেটের পীড়া ইত্যাদি উপসর্গ দেখা দিতে পারে, তবে এটা সাময়িক। এ ধরনের সমস্যা হলে শিশু বুকের দুধ ও খাবার স্যালাইন খাবে, প্রয়োজনে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে।

ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর প্রয়াস অব্যাহত থাকুক। অন্ধত্বের হাত থেকে আমাদের সমাজ মুক্ত থাকবে- এ প্রত্যাশা সবার।

ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড, কাল অধ্যাদেশ জারি: আইনমন্ত্রী

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে এ সংক্রান্ত আইনটির একটি সংশোধনী প্রস্তাব নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। আগামীকাল মঙ্গলবার রাষ্ট্রপতির অধ্যাদেশ জারির মাধ্যমে এটি কার্যকর করা হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক।

তিনি বলেন, আগামীকাল (মঙ্গলবার) এটি অধ্যাদেশ আকারে জারি করা হবে। অর্থাৎ কাল থেকেই এটি আইনে পরিণত হবে। এর আগে এটির আইনি যাচাই (ভেটিং) হবে।

“যেহেতু সংসদ অধিবেশন আপাতত চলমান নেই, তাই সরকার সংশোধিত আইনটি একটি অধ্যাদেশ হিসেবে জারি করার সিদ্ধান্ত নিয়েছে,” যোগ করেন তিনি।
মন্ত্রী জানান, বিদ্যমান আইনে ধর্ষণের সর্বোচ্চ সাজা যাবজ্জীবন আছে। সেটিকে এখন মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন করা হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সোমবার মন্ত্রিসভার বৈঠকে নারী ও শিশু নির্যাতন দমন আইনের সংশোধনী প্রস্তাবটি অনুমোদন করা হয়। এর ফলে বিদ্যমান নারী ও শিশু নির্যাতন দমন আইনের সংশ্লিষ্ট ধারায় সংশোধনী আনা হবে।

‘বর্বর ও নিকৃষ্ট জীব আমেরিকানদের কাছে নতিস্বীকার

করবে না ইরান’

ইরানের প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল আমির হাতামি বলেছেন, তার দেশকে দুর্বল করে ফেলার জন্য আমেরিকা অর্থনৈতিক সন্ত্রাসবাদ চালানোর যে নোংরামি ও পাশবিকতা দেখিয়েছে তা এদেশের জনগণ ভুলে যাবে না।

তিনি রবিবার সন্ধ্যায় তেহরানে তার মন্ত্রণালয়ের সঙ্গে ইরানের সড়ক ও নগরউন্নয়ন মন্ত্রণালয়ের এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এ মন্তব্য করেন।

ইরানের প্রতিরক্ষামন্ত্রী তার দেশের জনগণ ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের আত্মনির্ভরশীল হওয়ার আহ্বান জানিয়ে বলেন, ইরানি জনগণ এমন সময় কঠোর নিষেধাজ্ঞা মোকাবিলা করছে যখন বিশ্বের বেশিরভাগ দেশ সহজেই সব ধরনের ওষুধ এবং প্রযুক্তি পেয়ে যাচ্ছে। শত্রুরা ইরানি জনগণকে তাদের মৌলিকতম প্রাকৃতিক অধিকার থেকে বঞ্চিত করার সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছে।

জেনারেল হাতামি বলেন, ইরানি জনগণকে নতিস্বীকারে বাধ্য করার এই প্রচেষ্টা কোনওদিন সফল হবে না। কারণ ইরানি জনগণ জানে এই বর্বর ও নিকৃষ্ট জীবদের কাছে একবার নতিস্বীকার করলে তাদেরকে অপমানিত হতে হবে এবং তাদের অধিকার আরও বেশি পদদলিত হবে।

মার্কিন সরকার ইরানের ১৮টি ব্যাংকের ওপর সম্প্রতি যে নিষেধাজ্ঞা আরোপ করেছে তাকে তেহরান গণনার মধ্যেই ধরে না বলে জানান দেশটির প্রতিরক্ষামন্ত্রী। তিনি বলেন, ইরানের রফতানি বাণিজ্য বন্ধ করে দেওয়ার লক্ষ্যে এই নিষেধাজ্ঞা দেওয়া হলেও তা সফল হবে না। সূত্র: প্রেস টিভি

আজ মন্ত্রিসভায় উঠছে ধর্ষণের

শাস্তি মৃত্যুদণ্ড করার প্রস্তাব

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করতে সংশোধিত নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর খসড়া আজ সোমবার (১২ অক্টোবর) মন্ত্রিসভায় তোলা হচ্ছে বলে জানা গেছে। গতকাল রবিবার (১১ অক্টোবর) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত করেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনার পর আইন সংশোধন করে ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড করার উদ্যোগ নেওয়া হয়েছে বলে এর আগে জানিয়েছিলেন আইনমন্ত্রী আনিসুল হক।

করোনাকালে ভার্চ্যুয়ালি মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভার সদস্যরা অনলাইনে ভিডিও কনফারেন্সে বৈঠকে অংশ নিচ্ছেন। আজও ভার্চ্যুয়াল মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হবে।

নারী ও শিশু নির্যাতন দমন আইন অনুযায়ী, ধর্ষণের সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড। দেশে সাম্প্রতিক সময়ে কয়েকটি ধর্ষণের ঘটনার পর ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করার দাবিতে শাহবাগ, মতিঝিলসহ রাজধানীর কয়েকটি স্থানে শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ আন্দোলন করছে। দেশের বিভিন্ন স্থানেও একই দাবিতে আন্দোলন হচ্ছে। এর মধ্যে সরকার ধর্ষণের শাস্তি বাড়ানোর পদক্ষেপ নিয়েছে।

পাপিয়া দম্পতির অস্ত্র মামলার রায় আজ

নরসিংদী জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক শামীমা নুর পাপিয়া ও তার স্বামী মফিজুর রহমান ওরফে সুমন চৌধুরীর বিরুদ্ধে হওয়া

অস্ত্র মামলার রায় আজ। দুপুর ২টায় ঢাকার এক নম্বর স্পেশাল ট্রাইব্যুনালের বিচারক কে এম ইমরুল কায়েশ এই রায় ঘোষণা করবেন বলে জানা গেছে।

গত ২৭ সেপ্টেম্বর মামলার বিচারকাজ শেষে রায়ের এই দিন ধার্য করেছিলেন একই আদালত।

এই মামলার যুক্তিতর্ক উপস্থাপনে গত ২৪ সেপ্টেম্বর আইন অনুযায়ী আসামিদের সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ডের আর্জি জানান।

এ বিষয়ে ঢাকার মহানগর দায়রা জজ আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর তাপস কুমার পাল বলেন, রাষ্ট্রপক্ষে সাক্ষ্যপ্রমাণ যথাযথভাবে উপস্থাপন করা হয়েছে। তাছাড়া আমরা আইনি যুক্তিগুলোও তুলে ধরেছি। তাই আসামিদের আইন অনুযায়ী সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ডই হবে বলে আমরা পূর্ণ আশাবাদী।

সাগরে নিম্নচাপ: আজ দেশের যেসব অঞ্চলে বৃষ্টি ও তাপপ্রবাহের সম্ভাবনা

দেশের অনেক অঞ্চলে বৃষ্টি হচ্ছে। সাগরে সৃষ্টি হওয়া নিম্নচাপের প্রভাবে এই বৃষ্টি হচ্ছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর।

কিন্তু নিম্নচাপ সত্ত্বেও কয়েকটি অঞ্চলের ওপর দিয়ে বয়ে যাচ্ছে তাপপ্রবাহ।

সোমবার আবহাওয়া অধিদফতর জানিয়েছে, উত্তর আন্দামান সাগর ও এর আশপাশের এলাকায় সৃষ্টি হওয়া সুস্পষ্ট লঘুচাপটি পশ্চিম ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আরও শক্তিশালী হয়ে নিন্মচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে দেশের অনেক অঞ্চলে আজ সোমবার বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে নিন্মচাপের মধ্যেও দেশের ১১টি জেলার ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। আগামী ২৪ ঘণ্টায়ও এটি অব্যাহত থাকতে পারে।

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরগুলোর জন্য আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে- খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের ওপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরকে ১ নম্বর সর্তকতা সংকেত দেখাতে বলা হয়েছে।

অধিদফতরের পূর্বাভাসে বলা হয়েছে, নিম্নচাপটি বর্তমানে পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোসাগর এলাকায় অবস্থান করছে। এটি আরও ঘণীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হওয়ার আশঙ্কা করা হচ্ছে। এর প্রভাবে আগামী ২৪ ঘণ্টা দেশের বিভিন্ন অঞ্চলে ঝড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, সিলেট ও চট্টগ্রাম বিভাগের দু’এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রবৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্য এলাকার আকাশ আংশিক মেঘলাসহ প্রধানত শুষ্ক থাকতে পারে।

এদিকে, গোপালগঞ্জ, রাঙামাটি, চাঁদপুর, শ্রীমঙ্গল, পাবনা, নীলফামারি, মোংলা, সাতক্ষীরা, যশোর, পটুয়াখালী ও ভোলা জেলার ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এটি কিছু কিছু এলাকায় অব্যাহত থাকতে পারে।

সূত্র- বিডি প্রতিদিন

পদত্যাগ করলেন দুই অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল

দুই অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মুরাদ রেজা ও মো. মমতাজ উদ্দিন ফকির পদত্যাগ করেছেন। রবিবার সকালে অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল পদ থেকে পদত্যাগ করার কথা জানান মুরাদ রেজা। তিনি বলেছেন, আইন মন্ত্রণালয়ের মাধ্যমে রাষ্ট্রপতি বরাবর তিনি পদত্যাগপত্র পাঠিয়েছেন। তবে কি কারণে পদত্যাগ করেছেন সে সম্পর্কে কোনো মন্তব্য করেননি তিনি।

একই সময়ে আইন মন্ত্রণালয়ের সলিসিটর উইং এর মাধ্যমে পদত্যাগপত্র জমা দিয়েছেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মমতাজ উদ্দিন ফকির। এ বিষয়ে তিনি জানান, একান্ত ব্যক্তিগত কারণে পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন তিনি। এর বাইরে কিছু নেই বলেও জানান তিনি।

যদিও গত বৃহস্পতিবার নতুন অ্যাটর্নি জেনারেল নিয়োগের পর থেকে ওই দুজনের পদত্যাগের খবর শোনা যাচ্ছিল। এর আগে গত ৮ অক্টোবর সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি এ এম আমিন উদ্দিনকে দেশের ১৬তম অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেয়া হয়।

এর আগে অ্যাটর্নি জেনারেলের দায়িত্ব পালন করা মাহবুবে আলম ২৭ সেপ্টেম্বর ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

সূত্র- বিডি প্রতিদিন

ভাষা আন্দোলনের ‘আঁতুড় ঘরের’ সাক্ষী ডা. মির্জা মাজহারুল আর নেই

ভাষাসৈনিক অধ্যাপক ডা. মির্জা মাজহারুল ইসলাম আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। রবিবার সকাল সোয়া ৯টায় রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৩ বছর ৯ মাস ১০ দিন।

তার মৃত্যুর খবর নিশ্চিত করেছে হাসপাতাল সূত্র। বার্ধক্যজনিত নানান রোগে ভুগছিলেন তিনি। গত ৩০ সেপ্টেম্বর প্রবীণ এই চিকিৎসক ও ভাষা সংগ্রামী বারডেমের আইসিইউতে ভর্তি হন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি বারডেম হাসপাতালের সার্জারী বিভাগের অনারারি চিফ কনসালটেন্ট ছিলেন।

ভাষা আন্দোলনে অবদানের জন্য ২০১৮ সালে একুশে পদক পান মির্জা মাজহারুল ইসলাম। ১৯২৭ সালের ১ জানুয়ারি তার জন্ম।

মির্জা মাজহারুল ইসলাম ১৯৪৭ সালে ভাষা আন্দোলনের জড়িত হন এর সূচনাপর্ব থেকেই। তিনি এ আন্দোলনের প্রথম দুটি সংগ্রাম পরিষদের সদস্য ছিলেন এবং প্রথম শহীদ মিনারের পরিকল্পনা ও নির্মানে তার বিশেষ অবদান রয়েছে।

ঢাকা মেডিকেল কলেজে ভাষা আন্দোলন সংগঠিত করেন তিনি। ভাষা আন্দোলনের প্রায় প্রতিটি ঘটনায় মেডিকেল কলেজের প্রতিনিধি হিসেবে তিনি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ঢাকা মেডিকেল কলেজে প্রথম রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয় ১৯৪৭ সালের ৩০ সেপ্টেম্বর। এই কমিটিতে তিনি প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্ত হন। ১৯৪৮ সালে এ পরিষদ সম্প্রসারিত হয়। নিজেকে ভাষা আন্দোলনের ‘আঁতুড় ঘরের’ সাক্ষী বলে দাবি করেন এ ভাষাসৈনিক।

১৯৫২-এর একুশে ফেব্রুয়ারি ছাত্রদের ওপর পুলিশের পামলার পর তিনি হাসপাতালে কর্মরত অবস্থায় অসংখ্য আহত ভাষাকর্মীর অপারেশন করেন। ২১ ফেব্রুয়ারি যোগ দেন আমতলার জনসভায়। গায়েবি জানাজায় অংশগ্রহণ করেন ২২ ফেব্রুয়ারি।

মাজহারুল ইসলামের দাদা মির্জা মাহতাব উদ্দিন বেগ ব্রিটিশ সরকারের নমিনেটেড ডেপুটি পুলিশ সুপারিন্টেডেন্ট এবং বাবা মির্জা হেলাল উদ্দিন ‘ডেভিড অ্যান্ড কোম্পানি’ ও ‘ল্যান্ডেল অ্যান্ড ক্লার্ক’ নামক দুটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মকতা ছিলেন। তৎকালীন পূর্ব বাংলার অর্থমন্ত্রী মির্জা নূরুল হুদা ছিলেন তার মামা।

সূত্র- বিডি প্রতিদিন

প্রতিবাদের মাঝেও ধর্ষণের শিকার ৬ শিশুসহ ১৪ জন

ধর্ষণের বিরুদ্ধে দেশজুড়ে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ হচ্ছে। দাবি উঠেছে ধর্ষকের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের। সরকারও এ বিষয়ে আইন করার কথা ভাবছে। এর মধ্যেও বিভিন্ন স্থান থেকে ছয় শিশুসহ ১৪ জনকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। যশোর ও চট্টগ্রামে

দুজনকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়েছে গত বৃহস্পতিবার রাতে। অন্য নির্যাতিতদের মধ্যে দুজন অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে। সন্তানের পিতৃত্বের দাবিতে পুলিশ ও জনপ্রতিনিধিদের দুয়ারে দুয়ারে ঘুরছেন এক নারী।

সাভার ও আশুলিয়ায় চার শিশু ও এক নারীকে ধর্ষণ, গ্রেপ্তার ৭
ঢাকার সাভার ও আশুলিয়ায় পৃথক স্থানে চারটি শিশু ও এক গৃহবধূ ধর্ষণের শিকার হওয়ার অভিযোগ পাওয়া গেছে। এর মধ্যে আশুলিয়ায় গত ৬ অক্টোবর তিন শিশুকে ধর্ষণের অভিযোগে হেলাল উদ্দিন শেখ (৫৭) নামের এক ব্যক্তিকে, আশুলিয়ায় এক গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে পাঁচজনকে এবং সাভারের নামা গেণ্ডায় ১২ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে জিয়ারুল নামের এক ব্যক্তিকে বৃহস্পতিবার রাতে আটক করেছে পুলিশ।

ভুক্তভোগী পরিবারের বরাতে আশুলিয়া থানার উপপরিদর্শক জয়ন্ত কুমার সাহা জানান, আশুলিয়ার তৈয়বপুরের উত্তর মোল্লাপাড়ায় বাড়িওয়ালা হেলাল উদ্দিন শেখ ময়মনসিংহের গফরগাঁওয়ের ছয়ানী রসুলপুর গ্রামের মৃত ফয়েজ উদ্দিনের ছেলে। তৈয়বপুরে তাঁর বসবাস। গত ৬ অক্টোবর তিনি এক শ্রমিক দম্পতির দুই মেয়েশিশু ও আরেক শিশুকে মজাদার খাবার কিনে দেওয়ার কথা বলে তাঁর ঘরে ডেকে নিয়ে ধর্ষণ করেন। পরে হেলাল ভয়ভীতি দেখিয়ে ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা চালান।

আশুলিয়ায় গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে আটককৃতরা হলেন রাজশাহীর রাজপাড়া থানার শ্রীরামপুর গ্রামের মোহাম্মদ শেখের ছেলে সাইফুল ইসলাম (১৮), আশুলিয়ার রুস্তমপুরের কৃষ্ণ সাহার ছেলে পাপ্পু সাহা (১৯), একই এলাকার মনোরঞ্জন সাহার ছেলে মিলন (২২), সনাতন সাহার ছেলে জ্যোতির্ময় সাহা (১৯) এবং অদম সরকারের ছেলে অন্তর (২০)।

পুলিশ জানায়, গত ২৪ সেপ্টেম্বর এক পূর্বপরিচিত গৃহবধূকে ঢাকার মিরপুর থেকে রুস্তমপুরে ডেকে আনেন সাইফুল। পরে তাঁকে এলাকার জঙ্গলে নিয়ে সাইফুলসহ সাত বন্ধু ধর্ষণ করেন। গৃহবধূ প্রথমে রাজধানীর দারুস সালাম থানায় ও পরে বৃহস্পতিবার সন্ধ্যায় আশুলিয়া থানায় অভিযোগ করেন। আটককৃতরা জিজ্ঞাসাবাদে ওই নারীকে ধর্ষণের কথা স্বীকার করেছেন। নির্যাতিত পাঁচজনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের ওসিসিতে ও আটককৃতদের গতকাল শুক্রবার আদালতে পাঠিয়েছে পুলিশ।

চট্টগ্রামে ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার ৮
চট্টগ্রাম নগরের মৌলভী পুকুরপাড় এলাকায় এক নারীকে (২২) রিকশা থেকে নামিয়ে সংঘবদ্ধভাবে ধর্ষণের অভিযোগে এক নারীসহ আটজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার গভীর রাতে এলাকার এক গলিতে এ ঘটনা ঘটে।

নগর পুলিশের উপকমিশনার (উত্তর) বিজয় বসাক গতকাল সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। গ্রেপ্তারকৃতরা হলেন জাহাঙ্গীর আলম, ইউসুফ, রিপন, সুজন, দেবু বড়ুয়া প্রকাশ জোবায়ের, শাহেদ, রিন্টু দত্ত প্রকাশ বিপ্লব ও মনোয়ারা বেগম। জাহাঙ্গীর, ইউসুফ, বিপ্লব ও দেবু পেশায় অটোরিকশাচালক।

বিজয় বসাক বলেন, ‘ভিকটিম নারী বৃহস্পতিবার রাত ৯টার দিকে রাঙ্গুনিয়ার গ্রামের বাড়ি থেকে চট্টগ্রাম শহরে নিজ বাসার উদ্দেশে সিএনজি অটোরিকশাযোগে রওনা হন। রাত ১১টার দিকে কাপ্তাই রাস্তার মাথায় অটোরিকশা থেকে নেমে বাসার উদ্দেশে রিকশায় ওঠেন। পথে মৌলভী পুকুর এলাকায় ৮-১০ জন তাঁকে রিকশা থেকে নামিয়ে টেনেহিঁচড়ে আরকান সড়কের মৌলভী পুকুর পারের একটি গলিতে ডাস্টবিনের পাশে নিয়ে ধর্ষণ করে। পরে ভিকটিমকে উদ্ধার করে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখান থেকে চান্দগাঁও থানায় ঘটনাটি জানানো হয়। এ ঘটনায় ভুক্তভোগী থানায় মামলা করেছেন।’

গ্রেপ্তার দেবু বড়ুয়া বলেন, ‘পুলিশের সোর্স সুমন এই ঘটনার হোতা। আমরা একই স্ট্যান্ডে সিএনজি চালাই। করোনার সময় গত দুই মাস আগে ওই নারী আমাদের এক বন্ধুর কাছ থেকে দুই হাজার টাকা নিয়ে যান। বৃহস্পতিবার রাতে কাপ্তাই রাস্তার মাথা এলাকায় ওই নারীকে দেখে সুমন আমাদের ডাক দেয়। পরে আমরা তার সঙ্গে আসি। মৌলভী পুকুর পার এলাকায় আমরা ওই নারীকে আটকিয়ে সেই টাকা উদ্ধারের চেষ্টা করি। তখন তাঁর সঙ্গে একটি ছেলে ছিল। টাকার জন্য আমরা তাদের মারধর করে বাসায় চলে যাই। সকালে সুমন রাতের বিষয়ে কথা বলবে বলে বাসায় পুলিশ নিয়ে আসে। এরপর পুলিশ এসে আমাকে ধরে নিয়ে যায়।’

তবে বিজয় বসাক বলেন, ‘আমরা নিশ্চিত হয়েই তাদের গ্রেপ্তার করেছি। ভিকটিম মহিলাকে আমরা ছবিগুলো দেখিয়েছি।’

বাসে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ
যশোর সদর উপজেলার বকচর এলাকায় বৃহস্পতিবার রাতে এমকে পরিবহনের একটি যাত্রীবাহী বাসে এক তরুণী যাত্রীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ

পাওয়া গেছে। এ ঘটনায় অভিযুক্ত মনিরকে আটক করা হয়েছে। একইসঙ্গে পাঁচ পরিবহন শ্রমিককে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায় পুলিশ। পুলিশ বলছে, এটি সংঘবদ্ধ ধর্ষণের ঘটনা নয়। তবে বাসটি জব্দ ও ভুক্তভোগী তরুণীকে উদ্ধার করেছে পুলিশ।

তরুণী সাংবাদিকদের জানান, বৃহস্পতিবার বিকেলে রাজশাহী থেকে যশোরে আসার উদ্দেশে তিনি বাসে ওঠেন। এরপর ঘুমিয়ে পড়েন। পরে তাঁকে বাসে তিনজন ধর্ষণ করেন।

নলছিটিতে অপহরণের পর ধর্ষণের অভিযোগ
ঝালকাঠির নলছিটিতে এক তরুণীকে অপহরণের পর ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় বৃহস্পতিবার রাতে পাঁচ যুবকের নামে মামলা করেছেন মেয়েটির মা। পুলিশ জানায়, নলছিটি শহরের ফেরিঘাট এলাকার নাসির হাওলাদারের ছেলে হাসান হাওলাদারের সঙ্গে ওই তরুণীর প্রেমের সম্পর্ক ছিল। গত বুধবার সন্ধ্যায় হাসানের কথায় মেয়েটি দেখা করতে বাসার সামনে বের হন। তখন হাসান তাঁকে জোর করে কপালবেড়া গ্রামে আত্মীয় জনি সিকদারের বাড়িতে নিয়ে ধর্ষণ করেন। এতে সহযোগিতা করেন জনি সিকদার, রাব্বি, নাঈম ফকির ও সাব্বির।

বন্ধুকে দিয়ে স্ত্রীকে ধর্ষণ! স্বামী গ্রেপ্তার
জামালপুরের বকশীগঞ্জের নিলাক্ষিয়া ইউনিয়নের বিনোদের চর গ্রামে গত বুধবার রাতে বন্ধুকে দিয়ে নিজের স্ত্রীকে ধর্ষণের অভিযোগে করা মামলার আসামিকে গতকাল গ্রেপ্তার করেছে পুলিশ। প্রধান আসামি গ্রেপ্তারকৃতের বন্ধু মোশারফ পলাতক। ভুক্তভোগী বৃহস্পতিবার রাতে বকশীগঞ্জ থানায় মামলাটি করেন।

সিপতার বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ
টাঙ্গাইলের ঘাটাইলের হামিদপুরে গত ৬ অক্টোবর রাতে এক মাদরাসা শিক্ষার্থী কিশোরীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে সিপতার বিরুদ্ধে। এ ঘটনায় কিশোরীর মা গত বৃহস্পতিবার ঘাটাইল থানায় মামলা করেছেন। ভুক্তভোগী আদালতে ২২ ধারায় জবানবন্দি দিয়েছে।

ভগ্নিপতির ধর্ষণে অন্তঃসত্ত্বা
ময়মনসিংহের ভালুকা উপজেলার ধীতপুর ইউনিয়নে দুলাভাইয়ের ধর্ষণে পঞ্চম শ্রেণির এক ছাত্রী অন্তঃসত্ত্বা হয়ে পড়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় গত বৃহস্পতিবার মেয়েটির বোন অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে ভালুকা মডেল থানায় মামলা করেছেন। পরে অভিযুক্তকে গ্রেপ্তার করে আদালতে পাঠিয়েছে পুলিশ। তাঁর বাড়ি ঈশ্বগঞ্জের

রাজিবপুর ইউনিয়নের বিঘাগ্রা গ্রামে।

আ. লীগ নেতাসহ গ্রেপ্তার ৪
প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের মামলায় আসামি গোলজার হোসেন নামে এক আওয়ামী লীগ নেতাকে বুধবার রাতে গ্রেপ্তার করেছে পাবনার চাটমোহর থানা পুলিশ। গোলজার নাটোরের বড়াইগ্রাম উপজেলার জোনাইল ইউনিয়নের নাজিরপুর গ্রামের মোতালেব হোসেনের ছেলে ও জোনাইল ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। অন্যদিকে রাজশাহীর বাঘায় বিয়ের প্রতিশ্রুতি দিয়ে গৃহবধূকে ধর্ষণ মামলার আসামি বাদশা আলমকে বৃহস্পতিবার রাতে বাগাতীপাড়া থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। অন্তঃসত্ত্বা ওই নারী এ ঘটনায় গত ২৯ সেপ্টেম্বর বাঘা থানায় ধর্ষণ মামলা করেন।

নোয়াখালীর হাতিয়া উপজেলায় এক নারীকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ধর্ষণের অভিযোগে গতকাল এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। এদিনই ভুক্তভোগী নারী হাতিয়া থানায় মামলা করেন। গ্রেপ্তার ইউছুফ ডুবাই উপজেলার হরনী ইউনিয়নের আনিস মিয়ার ছেলে।

পৃথক ঘটনায় ফেনীর সোনাগাজীতে স্কুলছাত্রীকে গত ১ অক্টোবর ধর্ষণের অভিযোগে বৃহস্পতিবার রাতে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার তমিজ উদ্দিন মতিগঞ্জ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।

সন্তানের পিতৃত্বের দাবিতে কাঁদছেন মা!
কুড়িগ্রামের রাজীবপুরে এক নারী (২০) তাঁর এক মাস বয়সী সন্তানের পিতৃত্বের দাবিতে থানার পুলিশ, চেয়ারম্যান ও সমাজের মাতাবরদের দ্বারে দ্বারে ঘুরছেন। গত ১ জুন থানায় মামলা করেও সরকারি দলের প্রভাব ও অর্থের কাছে হার মানতে হচ্ছে—এমন আশঙ্কা করে গতকাল সাংবাদিকদের কাছে এসে কান্নায় ভেঙে পড়েন তিনি। এ ঘটনায় অভিযুক্ত সিরাজদ্দৌলা (৪৭) রাজীবপুর সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি, বড়াইডাঙ্গি গ্রামের বাসিন্দা ও সার ব্যবসায়ী। ভুক্তভোগীর অভিযোগ, তিনি সিরাজদ্দৌলার বাড়িতে কাজ করার সময় তাঁর ধর্ষণে অন্তঃসত্ত্বা হয়ে পড়েন। এক মাস আগে তিনি সন্তান জন্ম দেন। সিরাজদ্দৌলা গত মঙ্গলবার আদালত থেকে জামিনে এসে নির্যাতিত পরিবারটিকে মামলা তুলে মীমাংসার জন্য চাপ দিচ্ছেন বলে জানা গেছে।

তবে সিরাজদ্দৌলা বলেন, ‘প্রতিবেশীদের সঙ্গে জমি নিয়ে বিরোধ ছাড়াও রাজনৈতিক প্রতিপক্ষরা মেয়েটিকে দিয়ে আমার বিরুদ্ধে মিথ্যা

অভিযোগ করেছে।’

রাজীবপুর থানার ওসি বলেন, তদন্ত কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। অভিযোগের সত্যতা পাওয়া গেছে। সূত্র- কালের কন্ঠ

পদ্মা সেতুর ৩২তম স্প্যান বসছে আজ

দীর্ঘ চার মাস পরে আজ শনিবার পদ্মা সেতুর ৩২তম স্প্যান বসছে। সবকিছু অনুকূলে থাকলে ‘১বি’ নামের এই স্প্যানটি বসানো হবে মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তের পদ্মা সেতুর ৪ ও ৫ নাম্বার পিলারের উপর।

এটি বসানো হলে পদ্মা সেতুর দৈর্ঘ্য দাঁড়াবে ৪ হাজার ৮০০ মিটার বা প্রায় ৫ কিলোমিটার।

গত আগস্ট-সেপ্টেম্বর মাসে ৫টি স্প্যান খুঁটির ওপর বসানোর লক্ষ্য ছিল। তবে মাওয়া প্রান্তের মূল পদ্মায় প্রচণ্ড স্রোত থাকায় একটি স্প্যানও বসানো সম্ভব হয়নি। এখন পদ্মায় বন্যার পানি কমে যাওয়ার সঙ্গে সঙ্গে স্রোতের তীব্রতাও স্বাভাবিক গতিতে ফিরেছে। ফলে পদ্মা সেতুর নির্মাণ কাজেও গতি ফিরেছে।

৬ দশমিক ১৫ কিলোমিটার দৈর্ঘ্যের দ্বিতল পদ্মা সেতুতে মোট ৪২টি খুঁটি নির্মাণ করা হচ্ছে। এর মধ্যে মাওয়া প্রান্তে ২১টি ও জাজিরা প্রান্তে ২১টি। আর ৪২টি খুঁটির ওপর বসবে ৪১টি স্প্যান।